উপরোক্ত আলোচনা থেকে এটা সহজেই অনুমান করা যেতে পারে যে এই রকম একটি অস্বাস্থ্যকর পরিবেশে মনুষ্যজাতি প্রায় ছিল না বললেই চলে। যদিও জোতদারদের গৃহকে কেন্দ্র করে মাঝে মাঝে বসতি লক্ষ করা যেত। এই কারণে অঞ্চলটি প্রাচীন, মধ্য এমনকি প্রাগাধুনিক যুগেও আলোচনার পাদপ্রদীপে আসেনি। যদিও একটি সভ্যতার বিকাশ অনেকাংশেই নির্ভর করে পার্শ্ববর্তী সভ্যতার সঙ্গে তার যোগাযোগ বা সম্পর্কের ওপর। কিন্তু অঞ্চলটির অস্বাস্থ্যকর পরিবেশ ছিল তার প্রধান অন্তরায়। তাই অঞ্চলটি যখন ইতিহাসের বিভিন্নপর্বে বিভিন্ন শাসকবর্গের অধীনে এল, যথা— কোচবিহার, সিকিম ও নেপাল, তখন সেখানকার শাসকবর্গ রাজস্ব আদায় ভিন্ন অঞ্চলটির উন্নতিকল্পে কোনো ব্যবস্থাই গ্রহণ করেননি। বরঞ্চ প্রত্যেকটি শাসকবর্গের প্রান্তীয় অঞ্চল হওয়ায় সর্বদাই অবহেলিত হয়েছিল। তাই ঔপনিবেশিক সরকার ১৮৫০ সালে যখন অঞ্চলটি অধিগ্রহণ করে তখন সেখানে কোনো মন্দির, মসজিদ বা বড়ো দীঘি লক্ষ করেননি। আমরা আগেই উল্লেখ করেছি যে অঞ্চলটি অস্বাস্থ্যকর হওয়ায় প্রায় জনমানবহীন ছিল। জনবসতি গড়ে ওঠেনি বলেই সুসংহত রাজশক্তি বা রাজবংশ বা শক্তিশালী সামন্ত বা জমিদার এই অঞ্চলে বসতি স্থাপন করেননি। ফলে পুরাকীর্তির নিদর্শন স্বরূপ মন্দির, মসজিদ, মঠ ইত্যাদি এই অঞ্চলে দেখতে পাওয়া যায় না। কারণ মঠ, মন্দির, মসজিদ, দীঘি ইত্যাদি স্থাপনের পৃষ্ঠপোষক ছিলেন রাজা বা জমিদারগণ। প্রাচীন, মধ্য এমনকি প্রাগাধুনিক যুগেও এই পটভূমিকা বজায় ছিল। ফলে দেখা যায়, প্রতিবেশী জলপাইগুড়ি, কোচবিহার জেলার জনগোষ্ঠীর, সমাজ-সংস্কৃতির সঙ্গে দার্জিলিং তরাই অঞ্চলের ঘনিষ্ঠ যোগাযোগ থাকলেও কোচবিহার, জলপাইগুড়ি জেলার ইতিহাস রচনার ক্ষেত্রে তার নামমাত্র পাই না।[১০] তাছাড়া উত্তর-পূর্ব ভারতের দীর্ঘ ঐতিহাসিক প্রেক্ষাপটের বিচারে এই অঞ্চলটি ছিল নবীনতম। ফলস্বরূপ ঐসব অঞ্চলের ইতিহাস রচনার ক্ষেত্রে আমরা মৌখিক বা লিখিত তথ্য পেয়ে থাকলেও দার্জিলিং-এর ক্ষেত্রে তা মেলে না।[১১] পরিশেষে বলা যেতে পারে যে এই অঞ্চলে বহিরাগতদের আগমনের ধারা ছিল ধারাবাহিক এবং উল্টোদিকে কোনো গোষ্ঠীই নিজেদের আগমনের এবং বসতি স্থাপনের ইতিহাস লিপিবদ্ধ করেননি।[১২]

কোচবিহার, সিকিম এবং নেপালের রাজত্বের মূলস্রোত থেকে বহুদূরে অবস্থান করা বঙ্গের এই প্রান্তীয় তরাই অঞ্চলের ইতিহাস অনেকটা এই তিন রাজত্বের একবিন্দুতে মিলিত হওয়া, বিচ্ছিন্ন হওয়া আবার জড়িয়ে পড়ার ইতিহাস। আলোচনার কেন্দ্রবিন্দু বর্তমান দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা হলেও বিহারের পূর্ণিয়া জেলার উত্তরাংশের ও নেপালের দক্ষিণ ভাগের সমভূমি অঞ্চলও এই আলোচনাতে মাঝে মাঝে এসে যাবে, কারণ কালের নিয়মে রাজনৈতিকভাবে এরা একই সামাজিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক পরিমণ্ডলের অন্তর্ভুক্ত ছিল। পৌরাণিক কাহিনি অনুযায়ী এই অঞ্চলের আদি অধিবাসী

কিরাতরা নিজেদের রাজপুত বলে দাবি করলেও সম্ভবত তাঁরা কোচ বংশজাত ছিলেন এবং যিশুখ্রিস্টের জন্মের বহু আগে থেকেই এই অঞ্চলে রাজত্ব করতেন। মহাভারতের যুগে পাণ্ডুপুত্র ভীম বিহার ও দিনাজপুরে বেশ কিছু অঞ্চলে নিজেদের কর্তৃত্ব প্রতিষ্ঠায় সক্ষম হয়েছিলেন এবং বঙ্গ, পৌণ্ড্র ও কিরাতাধিপতি বাসুদেবকে পরাস্ত করেছিলেন। অন্যদিকে পাণ্ডবদের অজ্ঞাতবাসের সময় তাদের আশ্রয়দাতা রাজা বিরাট মোরাঙ বা তরাই অঞ্চলের জনৈক কন্যাকে বিবাহ করেছিলেন। [১৩]

তরাই অঞ্চলে লিম্বুদের বসতি স্থাপনের আগে আনুমানিক পঞ্চম শতকে এই কিরাতভূমি আটজন সামন্ততান্ত্রিক প্রধানদের দ্বারা শাসিত হয়, যথা - হন্ডেন হাং, ইয়াক হাং, ছিস্বী হাং, লারা পাংবো হাং, খেসীবা হাং, কানগো হাং, খাদি হাং, এবং ইম্ হাং। এঁদের মধ্যে ইম্ হাং ছিলেন সবচেয়ে প্রভাবশালী সামন্ত এবং লেপচাদের প্রধান, যিনি নেপালের দেওমাই নদী থেকে পূর্বদিকে অগ্রসর হয়ে তিস্তা নদী পর্যন্ত তাঁর প্রভাবাধীন করেন এবং আরো কিছুটা অগ্রসর হয়ে কালিম্পং ও ভুটানেও নিজ অধিবাসীদের প্রভাব বিস্তারে সচেষ্ট হন। কিছু লেপচা উত্তর দিকে অগ্রসর হয়ে দার্জিলিং ও সিকিমে বসতি স্থাপন করেন। অপরপক্ষে বড়ো কিরাত অধিবাসীদের নেতা খাদি হাং নেপালের ইলাম উপত্যকা থেকে নেমে এসে নেপালের ঝাপা এবং বর্তমান পশ্চিমবঙ্গের শিলিগুড়ি, ময়নাগুড়ি এবং মহাকালগুড়ি অঞ্চল নিজ প্রভাবাধীনে আনেন। অন্য ছয়জন সামন্ততান্ত্রিক প্রধান পশ্চিমে দুধকোশী নদীর দিকে অগ্রসর হয়ে বসতি স্থাপন করেন। [১৪] প্রায় একই সময়ে চীন থেকে আগত শাহ্ মোক্আন অধিবাসীরা বার্মা, আসাম হয়ে উত্তরবঙ্গে প্রবেশ করে এবং আরো উত্তর দিকে অগ্রসর হয়ে পূর্ব নেপালের কিরাত অধিবাসীদের সঙ্গে বসবাস শুরু করে। [১৫] কিন্তু অল্প কিছু সময়ের মধ্যেই আনুমানিক ষষ্ঠ শতকের প্রথমদিকে তিব্বতের কাচীন বা চিং পো অধিবাসীরা শাহ মোক্আনদের আক্রমণ করে। শাহ্ মোক্আনরা তীব্র প্রতিরোধ গড়ে তুললেও শেষপর্যন্ত হুকাংয়ের যুদ্ধে পরাজিত হয়ে পূর্ণিয়ার নিকটবর্তী জালালগড় এবং তিস্তার মধ্যবর্তী অঞ্চলে বসতি স্থাপন করে। এই সময় সই য়াক লাডো হাং -কে এই অঞ্চলের চব্বিশজন রাজার মধ্যে প্রধান নির্বাচন করা হয় যিনি চেমজং, থারু, ধিমাল, কোচ প্রভৃতি অধিবাসীদের শাসন করতেন। এই ঘটনার পরবর্তীকালে শাহ্ মোক্আন অধিবাসীরা নিজেদের লিম্বু বলে পরিচয় দিতে শুরু করেন। [১৬] অন্যদিকে সপ্তম শতকের প্রথমদিকে শাহ্ মোক্আন অধিবাসীদের অন্য একটি বিভাগ মোউরঙ-এর নেতৃত্বে চীনের দক্ষিণ ভাগ হয়ে বার্মার উত্তর দিকে প্রবেশ করে। অতঃপর তারা আরো কিছুদূর অগ্রসর হয়ে আসাম অতিক্রম করে উত্তরবঙ্গে প্রবেশ করে এবং ঘন জঙ্গল পরিষ্কার করে সেখানে পাকাপাকিভাবে বসতি স্থাপন করে। নেতৃত্বের নামানুসারে এরপর থেকে তাদের নিয়ন্ত্রণাধীন অঞ্চল মোরাঙ[১৭] বলে চিহ্নিত হতে শুরু করে। রাজা মোউরাঙ নেপালের পূর্ব হিমালয়ের পাদদেশের প্রায় সমস্ত কিরাতভূমি অধিগ্রহণের পর তাকে চারটি প্রদেশে ভাগ করে সেখানে সামন্ততান্ত্রিক ধাঁচের শাসন ব্যবস্থা প্রতিষ্ঠিত করেন। এই চারটি প্রদেশ হল খম্বুয়ান, লিম্বুয়ান, লাপচান এবং মোউরাঙ। এদের মধ্যে লাপচানরা পশ্চিমে মেচী থেকে পূর্বে তিস্তা নদীর



মধ্যবর্তী অঞ্চল শাসন করতেন। রাজা মোরাঙ খাম্পাজং-এর কাছে রাডক-এ তার গ্রীষ্মকালীন রাজধানী এবং পূর্বে নেপালের বিজয়পুরের কাছে ঝামা বা শানগুড়িতে তার শীতকালীন রাজধানী স্থাপন করেন। [১৮] রাজা মোরাঙ-এর কোনো উত্তরাধিকারী না থাকায় তিনি তাঁর অন্যতম মন্ত্রী মকআন্ শানকে তাঁর সাম্রাজ্যের দায়িত্বভার অর্পণ করেন। [১৯]

পাল, সেন ও গৌড়ের সুলতানদের আমলে এই তরাই অঞ্চল গৌড়ের অন্তর্ভুক্ত ছিল। [২০] পাল রাজারা কিরাতদের পরাজিত করে তাদের আধিপত্য শুধুমাত্র পার্বত্য অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ রাখতে সক্ষম হয়েছিল। [২১] পাল সাম্রাজ্যের পতনের পর তরাই অঞ্চল সেন সাম্রাজ্যভুক্ত হয় এবং লক্ষ্মণসেনের রাজত্বকাল পর্যন্ত এই অঞ্চলে সেনদের আধিপত্য বজায় ছিল। [২২] প্রসঙ্গত উল্লেখযোগ্য যে চিরকালই সকল দেশের প্রত্যন্ত প্রদেশ হওয়ায় এই তরাই অঞ্চল সাংস্কৃতিক দিক থেকে অবহেলিত থেকে গেছে। [২৩] অপরদিকে সারা তুর্ক-আফগান যুগে মুহম্মদ ইকতিয়ারুদ্দিন বখতিয়ার খিলজির তিব্বত অভিযানের ব্যর্থ পরিকল্পনা ছাড়া উত্তরবঙ্গে সীমান্ত বিস্তারের ক্ষেত্রে কোনো সত্যিকারের প্রয়াস দেখা যায় না। [২৪] এই সময় বখতিয়ার খিলজি তরাইয়ের এক মেচ সর্দারকে ইসলাম ধর্মে দীক্ষিত করেছিলেন যার নাম আলী মেচ। পঞ্চদশ শতকের শেষের দশকে ১৪৯৮ খ্রিস্টাব্দে গৌড়ের আফগান সুলতান আলাউদ্দীন হুসেন শাহ্ কামরূপ আক্রমণ করে তাকে নিজ সাম্রাজ্যভুক্ত করেন। [২৫] প্রসঙ্গত উল্লেখ্য এই সময় হুসেন শাহের ফৌজ গৌড়ের পূর্ব সীমায় প্রবাহিত করতোয়া নদী অতিক্রম করে প্রতিবেশী কামতাপুর রাজ্য আক্রমণ করেছিল। খেন, কোচ, মেচ, রাভা, গারো প্রভৃতি কৌম সমাজের মানুষকে নিয়ে কামতাপুর রাজ্য দক্ষিণে রংপুর থেকে উত্তরে হিমালয়ের সানুদেশ বরাবর বিস্তৃত হয়ে আসামে গিয়ে থেমেছিল। রাজধানী ছিল কোচবিহারের দিনহাটা মহকুমার গোঁসানীমারীতে। গৌড়ের আক্রমণে রাজধানী সর্বস্বান্ত হল, রাজবংশ হল যুদ্ধের বলি। কিন্তু এতদ্‌সত্ত্বেও গৌড়ের কপাল ছিল মন্দ। কামতাপুর ধ্বংস করেও গৌড়ের সীমান্ত করতোয়ার পূর্বভাগে স্থায়ীভাবে বিস্তৃত হয়নি। অন্যদিকে খেন রাজবংশের পতন হলেও কামতাপুর রাজবংশের ঐতিহাসিক গুরুত্ব শেষ হয়ে যায়নি। ষোড়শ শতকের প্রথম ভাগে কামতাপুর রাজ্যের উত্তরসূরী হিসাবে উত্তর বাংলার মানচিত্রে কোচবিহার স্থান করে নেয়। [২৬]

প্রথম দুই পুরুষের রাজত্বে যথাক্রমে বিশ্বসিংহ ও নরনারায়ণের সময় কোচবিহার যশের শিখরে গিয়ে পৌঁছুল অর্থাৎ এককথায় এই সময়ে কোচবিহারের রাজারা সমস্ত উত্তরবঙ্গে তাঁদের একচ্ছত্র আধিপত্য কায়েম করেছিলেন। জনৈক মুসলিম ঐতিহাসিকের বিবরণ অনুসারে ১৫৯৫ খ্রিস্টাব্দে মুঘল সম্রাট আকবরের রাজত্বকালে কোচবিহার রাজ লক্ষ্মীনারায়ণের রাজ্যসীমা পূর্বে ব্রহ্মপুত্র নদী, পশ্চিমে ত্রিহুত (বর্তমানে উত্তর বিহারের মুজাফ্ফরপুর জেলা) উত্তরে তিব্বত এবং দক্ষিণে ঘোড়াঘাট পর্যন্ত বিস্তৃত ছিল। আবুল ফজলের ধারণা অনুসারেও পশ্চিমে ত্রিহুত থেকে আরম্ভ করে পূর্ব দিকে ব্রহ্মপুত্র উপত্যকা এবং উত্তরে হিমালয়ের পাদদেশ পর্যন্ত এই রাজ্যটির সীমানা ছিল। [২৭] ষোড়শ শতকের অন্তিম লগ্নে রাজ্য দ্বিধাবিভক্ত হয়ে গেল। ব্রহ্মপুত্র উপত্যকা নিয়ে পূর্বদিকের ছোটো

তরফ পৃথক হয়ে গেল এবং অন্যদিকে রাজ্যের পশ্চিম অংশে বৈকুণ্ঠপুর পরগনার আর এক তরফ রায়কত উপাধি নিয়ে; যাঁরা কোচবিহারের পশ্চিম সীমান্তের তরাই অঞ্চল তদারকি করতেন এবং কোচবিহার রাজ্যের অভিষেকের সময় ছত্রধারণ করেছিল তারা আলাদা হয়ে গেল। কিন্তু মূল রাজখণ্ড থেকে বিচ্ছিন্ন হয়ে থাকবার দরুণ বৈকুণ্ঠপুর নিঃসন্দেহে একাকী হয়ে গিয়েছিল এবং কেবল নিজের বাহুবলে কোচবিহার রাজ্যের পশ্চিম বিভাগ রক্ষার দায়িত্ব রায়কতরা বহন করতে পারেনি। সেজন্য অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে মহানন্দা থেকে মেচী নদী পর্যন্ত বিস্তৃত প্রায় ২৭০ বর্গমাইল এলাকা, যা ভৌগোলিক সংজ্ঞায় তরাই বলে পরিচিত, বৈকুণ্ঠপুর হাতছাড়া হয়ে গেল। আর এই অঞ্চল যে শক্তির হাতে গেল উত্তর বাংলার ইতিহাসে তার উপস্থিতি ছিল অপ্রত্যাশিত। শক্তিটি সিকিম; সপ্তদশ শতাব্দীর মাঝামাঝি সময়ে সিকিম তার প্রথম চোগিয়াল ফুন্সো নামগিয়ালের নেতৃত্বে সুসংহত রাজনৈতিক জীবন গড়ে তোলে। অনুমান করা যায় যে মুঘল আক্রমণে কোচবিহার যখন ক্ষতবিক্ষত এবং রায়কতরা হতোদ্যম হয়ে বৈকুণ্ঠপুরের অরণ্য-আশ্রয়ে বাস করছিল, ঠিক তখনই সিকিম তার পার্বত্য অধিষ্ঠান থেকে সমতলে প্রসারিত হবার সুযোগ গ্রহণ করে মেচি ও মহানন্দার মধ্যবর্তী তরাই অঞ্চল দখল করে নেয়। সঠিক সময় আজও জানা যায়নি। [২৯] যদিও নামগিয়াল পরিবারের দাবি যে সিকিমের তরাই অধিগ্রহণ প্রাক্‌-ফুন্টসগ যুগের ঘটনা কিন্তু উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রাক্তন অধ্যাপক ও সিকিমের ইতিহাস-বিশেষজ্ঞ ডঃ তাপস রায়চৌধুরীর মতে এই দাবি ভিত্তিহীন। কারণ, ১৬২৮ খ্রিস্টাব্দে ফাদার ক্যা বাল ও ফাদার দিয়াজ নামে জেসুইট মিশনারীদ্বয় যখন এই অঞ্চলের মধ্যে দিয়ে তিব্বতের শিগাতগে গিয়েছিলেন তখন তাঁরা এই অঞ্চলে সিকিমের প্রশাসনের কোনো চিহ্ন লক্ষ করেননি। তাছাড়া ১৬৪২ খ্রিস্টাব্দের পূর্বে সিকিমের অভ্যন্তরীণ প্রশাসনের অবস্থা এতটা দুর্বল ছিল যে তার পক্ষে রাজ্যবিস্তার করা সম্ভব ছিল না। তাই অনুমেয় যে ১৬৫০ খ্রিস্টাব্দের পূর্বে ফুন্টসগ সিকিম বর্হিভূত কোনো অঞ্চল অধিকার করার ক্ষেত্রে তৎপর হয়েছিলেন বলে মনে হয় না। [৩০] কিন্তু এতদসত্ত্বেও রায়কতরা এ ব্যাপারে বিচলিত হলেন না বা অনুতপ্ত হলেন না। বরঞ্চ ত্রয়োদশ রায়কত ধর্মদেব নিশ্চিন্তমনে রাজধানী বৈকুণ্ঠপুরের অরণ্যাঞ্চল থেকে জলপাইগুড়ির খোলা জায়গায় উঠিয়ে আনলেন যার চিহ্ন আজও বর্তমান। মনে হয় অরণ্যজীবনে থেকে তিনি হাঁপিয়ে উঠেছিলেন। কিন্তু উন্মুক্ত জায়গায় রাজধানী নিয়ে আসার ফল হল বিপরীত ও সুদূরপ্রসারী। [৩১] যাইহোক সিকিম মেচী-মহানন্দার মধ্যবর্তী অঞ্চল দখল করলেও বেশিদিন নিজ নিয়ন্ত্রণে রাখতে পারেনি। নিজ রাজ্যের প্রান্তীয় অঞ্চল হওয়ায় তরাইতে সিকিমের নিয়ন্ত্রণ এতটাই দুর্বল ছিল যে মাঝে মাঝে ভূটানি সেনারা হানা দিয়ে যথেচ্ছ লুটতরাজ চালাত এমনকি সুযোগ পেলে এখানকার অধিবাসীদের ধরে নিয়ে নিজ রাজ্যে দাসে পরিণত করত। [৩২] উপরোক্ত ঘটনা এই অঞ্চলে সিকিমের প্রশাসনিক নিয়ন্ত্রণের শিথিলতা প্রমাণ করে। যদিও একথা সত্য যে তৎকালীন রাজনৈতিক পরিস্থিতিতে সুদূর পার্বত্য অঞ্চলে অবস্থিত সিকিম রাজার পক্ষে সমতলের তরাই অঞ্চলের ওপর নজরদারি করা সম্ভবপর ছিল না। যথাযথ যোগাযোগ



ব্যবস্থার অভাব ছাড়াও শীতকালে বিশেষত বর্ষার সময় অবস্থা অত্যন্ত দুর্বিষহ হয়ে উঠত। তাছাড়া তরাই অঞ্চল থেকে সিকিমের যে খুব একটা আর্থিক লাভ হত তাও বলা যায় না। [৩৩] তবুও সিকিম এই অঞ্চলের ওপর নিজের নিয়ন্ত্রণ বজায় রাখতে সচেষ্ট হয়েছিল কারণ চারিদিকে স্থলভূমি দ্বারা আবদ্ধ এই ক্ষুদ্র রাষ্ট্রটি তার বাণিজ্যিক সুবিধার জন্য মহানন্দা নদীর জলপথকে ব্যবহার করতে চেয়েছিল। কারণ তিস্তা নদীপথে সেই সময় বাণিজ্য করা কোনোক্রমেই সম্ভবপর ছিল না। এই রকম অবস্থায় সিকিম থেকে লেপচা বা ভুটিয়া কর্মচারী পাঠিয়ে তরাই অঞ্চল শাসন করার পরিবর্তে স্থানীয় বড়ো জোতদার অথবা কোচবিহার সরকারের প্রাক্তন কর্মচারীদের মাধ্যমে শাসন করাই সিকিম সুবিধাজনক বলে মনে করে। চৌধুরী নামক কর্মচারীর মাধ্যমে সিকিম প্রধানত এই সময় রাজস্ব আদায় করত। শিলিগুড়ির অদূরে ফাঁসিদেওয়াতে সরকারি কার্যালয় স্থাপিত হয়। স্থানীয় প্রবীণ নাগরিকদের মতে, বর্তমান ফাঁসিদেওয়া হাটের কাছে মহানন্দা নদীর তীরে ভোজনারায়ণ চা বাগানে অবস্থিত কূপে সিকিমরাজ অপরাধীদের ফাঁসি দেওয়ার আগে স্নান করিয়ে একটি কাঁঠাল গাছে ঝুলিয়ে দিতেন। [৩৪] ফুন্টসগ নামগিয়াল তাঁর রাজত্বকালে এই কিরাত ভূমিকে তিনটি প্রদেশে ভাগ করেন, যার একটি হল বর্তমান দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা এবং তাদের কাছ থেকে কিছু রাজস্ব আদায়ে সক্ষম হন। [৩৫] ফুন্টসগ নামগিয়ালের মৃত্যুর পর তাঁর একমাত্র পুত্র তেন-সুঙনাম-গিয়াল ১৬৭০ খ্রিস্টাব্দে সিকিমের সিংহাসনে আরোহণ করেন। তিনি তিনজন মহিলাকে বিবাহ করেন, যাঁদের মধ্যে একজন ছিলেন নেপাল তরাইয়ের কিরাত -প্রধান ইয়-ইয়-হাঙ -এর কন্যা থুংওয়া মুকমা। [৩৬] পরবর্তী শাসক চাগ-দর-নাম-গিয়ালের সময় ভুটান সিকিম আক্রমণ করলে (১৭০০ খ্রিস্টাব্দে) রাজা লাসাতে পলায়ন করেন। সিকিমের রাজপ্রতিনিধি ইয়ক-থিং-অরুপকে এই সময় ভুটানিরা বন্দি করে নিয়ে যায় এবং দীর্ঘ আট বছর (১৭০০-১৭০৮) সিকিম ভুটানের নিয়ন্ত্রণাধীন অঞ্চলে পরিণত হয়। পরবর্তীকালে চাগ-দর ফিরে এসে ভুটানের কাছ থেকে প্রায় সমস্ত অঞ্চল অধিকার করতে সক্ষম হলেও কালিম্পং এবং তার আশপাশের কিছু জায়গা চিরতরে সিকিমের হাতছাড়া হয়ে যায়। পরবর্তী শাসক চো-গিয়াল গিউর মেদের ব্যক্তিগত জীবনের অতৃপ্তি ও অসন্তোষ, শাসন ব্যবস্থার দুর্বলতা ও রাজ্যের রাজনৈতিক অনিশ্চয়তার সুযোগে ভুটানিরা মাঝে মাঝেই সিকিমে হানা দিতে শুরু করে। তাছাড়া নেপাল তরাই স্থিত লিম্বু উপজাতিদেরকেও আক্রমণের সম্ভাবনা দেখা দেয়। [৩৭] ১৭৪১ খ্রিস্টাব্দ নাগাদ তারা সিকিম রাজার কর্তৃত্বকে অস্বীকার করে নিজেদের স্বাধীন বলে ঘোষণা করে এবং রাজার প্রাপ্য রাজস্ব দেওয়া বন্ধ করে দেয়। [৩৮] অপরদিকে এই সময় মহানন্দা নদীর উত্তরভাগ থেকে নেপাল সীমান্ত পর্যন্ত অঞ্চল বিজয়পুররাজ কামদত্ত সেনের (১৭৬১-১৭৬৯) অধীনে ছিল। প্রসঙ্গত উল্লেখ্য, এই সেনদের পূর্বপুরুষ ছিলেন চিতোরের চৌহান বা শিশোদিয়া বংশউদ্ভূত, যাঁরা আনুমানিক ১৩০৬ খ্রিস্টাব্দে মুসলমানদের আক্রমণে বিতাড়িত হয়ে নেপালে আশ্রয় গ্রহণ করেছিলেন এবং পূর্ব ও দক্ষিণ নেপালের বিস্তীর্ণ অংশে রাজত্ব কায়েম করেছিলেন। অজিল রায়, চিতোররাজ বুদ্ধি রায়ের ছেলে ছিলেন এর পুরোধা। অজিলের পরবর্তী বংশধর তুলা

সেনের সময় থেকে তাঁরা সেন নামে পরিচিত হতে শুরু করেন।[৩৯] কিন্তু ১৭৬৯ খ্রিস্টাব্দে কামদত্ত সেনের মৃত্যুর পর সমগ্র কিরাত বা মোরাঙ অঞ্চলে স্বৈরতান্ত্রিক শক্তিগুলি মাথাচাড়া দিয়ে ওঠে এবং প্রত্যেক প্রদেশে নিজেদের স্বাধীনতা দাবি করে। কামদত্ত সেনের দূরসম্পর্কীয় আত্মীয় রঘুনাথ সেন শত চেষ্টা করেও বিজয়পুরের শাসন-ক্ষমতা ধরে রাখতে পারেননি, অতঃপর বুধিকর্ণরাই যিনি তরাই অঞ্চলে কামদত্ত সেনের গুপ্ত হত্যার জন্য দায়ী ছিলেন তিনিই বিজয়পুরের শাসনক্ষমতা দখল করেন।[৪০]

নেপালে গোর্খা শক্তির প্রতিষ্ঠা আর বাংলায় ইংরেজের প্রতিষ্ঠা প্রায় সমকালীন ঘটনা। নেপালও তার প্রতিবেশী রাজ্য সিকিমের মত পার্বত্য উপত্যকা থেকে সমতলে নেমে আসতে উদ্যোগী হয় এবং দক্ষিণের সমতলে পৌঁছতে নেপালের খুব বেশি সময় লাগেনি।[৪১] যাইহোক অষ্টাদশ শতকের আটের দশকে রাজা পৃথ্বীনারায়ণ শাহের নেতৃত্বে গোর্খা সৈন্যবাহিনী দুধকোশী নদী অতিক্রম করে পূর্ব নেপালের কিরাত ও লিম্বুদের রাজ্যের সীমানা হিসাবে চিহ্নিত ছিল।[৪২] অন্যদিকে এই সময় সদ্য ভুটানি আক্রমণের ফলে বিপর্যস্ত সিকিমের কাছে খবর গিয়ে পৌঁছয় যে গোর্খা সেনারা তরাইয়ের বিজয়পুর অঞ্চল সহ নেপালের লিম্বুয়ান প্রদেশ দখল করে নিয়েছে। স্বভাবতই সিকিম তার প্রত্যুত্তর দেওয়ার জন্য তৈরি হয় এবং উভয়ের মধ্যে বেশকিছু ছোটোখাটো যুদ্ধ হওয়ার পর বিজয়পুরে ১৭৭৫ খ্রিস্টাব্দে উভয়ের মধ্যে একটি সন্ধি সাক্ষরিত হয়। সম্ভবত গোর্খা সেনারা তাদের দীর্ঘ যুদ্ধাভিযানের ফলে ক্লান্ত হয়ে পড়েছিলেন বলে সন্ধি স্বাক্ষরে সম্মত হন। সন্ধির শর্ত অনুযায়ী গোর্খারা নেপালের কোনকাই নদী পর্যন্ত তাদের রাজ্যের পূর্ব সীমানা নির্ধারিত করে এবং এও ঠিক হয় যে চুক্তিভঙ্গকারী শক্তিকে ক্ষতিপূরণ দিতে হবে। এই সময় হঠাৎ পৃথ্বীনারায়ণ শাহ্ মারা যান এবং তাঁর পুত্র প্রতাপ সিংহ শাহ্ সিংহাসনে আরোহণ করেন।[৪৩] যদিও ড্যানিয়াল রাইট, ওল্ডফিল্ড, হ্যামিলটন প্রমুখরা পৃথ্বীনারায়ণের মৃত্যু ১৭৭১ খ্রিস্টাব্দে হয় বলে চিহ্নিত করেছেন। কিন্তু ১৭৯৩ খিস্টাব্দের প্রথম দিকে নেপাল ভ্রমণকারী কিরপ্যাট্রিকের মতে পৃথ্বীনারায়ণের মৃত্যু সম্ভবত ১৭৭৫ খ্রিস্টাব্দের প্রথমদিকে হয়েছিল।[৪৪] যাইহোক সিংহাসনে আরোহণের বছর বা সম্ভবত তার পরের বছরের প্রথম দিকে নেপালরাজ প্রতাপ সিংহ শাহ্ উপরোক্ত চুক্তিপত্রটি ভঙ্গ করে ১৭৭৯ খ্রিস্টাব্দে সেনাপতি গঙ্গারাম থাপার সহযোগিতায় মেচী ও মহানন্দা নদীর মধ্যবর্তী বর্তমান দার্জিলিং জেলার তরাই অঞ্চল আক্রমণ করেন এবং ১৭৮০ খ্রিস্টাব্দের মধ্যে সমস্ত তরাই অঞ্চলে তাঁদের নিয়ন্ত্রণ কায়েম করেন যার আয়তন ছিল প্রায় ২৩০ বর্গমাইল।[৪৫] তবে সিকিম যে গঙ্গারামকে বিতাড়িত করার ব্যবস্থা করেছে এরকম একটি খবর গঙ্গারামের কাছে পৌঁছতেই তিনি বিভিন্নভাবে আত্মরক্ষার ব্যবস্থা করেন। সিকিমের যে এরকম কোনো পরিকল্পনা ছিল তা সিকিমের সরকারি দলিলে পাওয়া গেলেও ইংরেজদের নথিপত্রে তার কোনো উল্লেখ নেই। সিকিমের অসমর্থতাই এই স্তব্ধতার প্রধান কারণ তা বলাই বাহুল্য। যাইহোক গঙ্গারাম অনেকটা গুজবের অনুবর্তী হয়েই কিছু আঞ্চলিক ব্যক্তির সাথে ষড়যন্ত্রে লিপ্ত হন যাঁদের মধ্যে অন্যতম ছিলেন উত্তরবঙ্গে ফকির বিদ্রোহের নেতা মজনু শাহ্, যাকে সিকিম রাজা



পাঁচটি জোত দান করেছিলেন, তাকেও তিনি আরো পাঁচটি জোত দেন।[৪৬]

অষ্টাদশ শতকের মধ্যভাগ থেকেই তরাই অঞ্চল সন্ন্যাসী ও ফকির সম্প্রদায়ের আস্তানা হয়ে উঠতে শুরু করেছিল। তবে দলে দলে গিরি সম্প্রদায়ের সন্ন্যাসী ও ফকিররা এ অঞ্চলে কোথা থেকে এবং কীভাবে এলেন সে বিষয়টি এখনো গভীর অনুসন্ধানের অপেক্ষা রাখে। তবে অনুমান করা যেতে পারে যে ইংরেজদের বাধা দেবার জন্য বাংলার নবাব মীরকাশিম, অযোধ্যার নবাব সুজাউদ্দৌল্লা এবং মুঘল সম্রাট শাহ আলম যে জোট বেঁধেছিলেন বক্সারের প্রান্তরে ১৭৬৪ খ্রিস্টাব্দে তা বিফল হয়। অযোধ্যার নবাব ইংরেজদের কাছে আত্মসমর্পণ করলেও ইংরেজরা তাঁর সৈন্যবাহিনী ভেঙে দিয়েছিলেন। কিন্তু এই আশ্রয়হীন সৈনিকেরা কোথায় গেল, কোন্ অহিংস জীবিকা গ্রহণ করল? অযোধ্যা এদের কাছে নিরাপদ ছিল না, বাংলা-বিহার-উড়িষ্যাও নয়। সুতরাং এরা বেছে নিল এমন একটি স্থান যেখানে ইংরেজদের মতামতের কোনো দাম ছিল না, কর্তৃত্বও ছিল না। সবাই যে মেচী- মহানন্দার মধ্যবর্তী তরাই অঞ্চলে এল তাও নয়। বিশেষত সন্ন্যাসীরা দলে দলে চাকুরি নিল বৈকুণ্ঠপুর, কোচবিহার ও ভুটানে। অস্ত্রজীবী এই সব মানুষেরা সন্ন্যাসীর বেশ নিলেও বৈকুণ্ঠপুর, কোচবিহার ও ভুটানের হয়ে যুদ্ধ করবার দায়িত্বও নিয়েছিল। অনেকে আবার সীমানা পেরিয়ে সুবা-বাংলার ইংরেজ কর্তৃত্বাধীন অঞ্চলেও লুট-তরাজ চালাত।[৪৭] আবার অনেকে ভুটানের মধ্য দিয়ে তিব্বতের সঙ্গে বাণিজ্যিক লেনদেনের সঙ্গেও যুক্ত ছিল। যাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন পূর্ণগিরি গোঁসাই, যিনি ইংরেজদের নথিপত্রে পুরণ গিরি গোঁসাই নামে পরিচিত।[৪৮] গুরুনানক অধ্যাপক অমলেন্দু দে তাঁর সদ্য প্রকাশিত রচনা *সিরাজের পুত্র ও বংশধরদের সন্ধানে* এই ধরনের তথ্যকে সমর্থন জানিয়েছেন।[৪৯] উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের হিমালয় চর্চা বিষয়ক বিভাগের প্রাক্তন অধ্যাপক বাণীপ্রসন্ন মিশ্র দেখিয়েছেন যে অষ্টাদশ শতকের ষাটের দশক থেকেই কোম্পানি যখন তিব্বতের সঙ্গে বাণিজ্যিক যোগাযোগের জন্য তরাই-এর মধ্য দিয়ে একটি বিকল্প পথের সন্ধান খুঁজছিলেন তখন সেই উদ্দেশ্যে প্রেরিত মিঃ মার্টেল নামক একজন ইংরেজ কর্মচারীকে ১৭৬৬ খিস্টাব্দে সন্ন্যাসী-ফকিররা তরাইতে হত্যা করেন। নেপালের রাজা পৃথ্বীনারায়ণের সঙ্গে নেপাল তরাইয়ে নেওয়ার রাজা জয়প্রকাশ মল্লের সংঘর্ষে এই সন্ন্যাসী ফকিররা জয়প্রকাশকে সাহায্য করেছিলেন।[৫০] সুতরাং উপরোক্ত আলোচনা থেকে একথা স্পষ্টভাবে বলা যেতে পারে যে একদিকে সিকিমের দুর্বল প্রশাসন এবং অন্যদিকে জঙ্গলাকীর্ণ, জনমানবহীন এই তরাইতে সন্ন্যাসী-ফকিররা একপ্রকার স্বাধীনতা ভোগ করতেন এবং তাঁদের আক্রমণে কোম্পানি সরকার ব্যতিব্যস্ত হয়ে উঠেছিল। এখনও তরাইয়ে সন্ন্যাসীকাটা ও গোঁসাইপুর নাম দুটি তাঁদের অস্তিত্বের সাক্ষ্য বহন করে। তবে যাইহোক সিকিমের দুর্বল প্রশাসনের পক্ষে এঁদের কিছু বলার সাহস ছিল না। বরং নির্ঝঞ্ঝাট থাকবার জন্য প্রশাসন এঁদের যথেষ্ট জায়গা-জমি দিয়ে খুশি রেখেছিল। পূর্ণিয়া, রংপুর ও দিনাজপুরের সীমান্তবর্তী গ্রামের মানুষেরা এঁদের সমীহ করতেন। অবস্থাপন্নরা ভয় করতেন। যদিও অভ্যন্তরীণ শান্তি ও শৃঙ্খলা রক্ষা এবং সীমান্তের নিরাপত্তার উপযুক্ত ব্যবস্থা কোম্পানি তখনও করে

উঠতে পারেনি। রংপুরের ফৌজদার জয়নাল আবেদিন ও রেজা খাঁ ওয়ারেন হেস্টিংসকে সন্ন্যাসী ও ফকিরদের দমন করতে তাঁদের অসহায়তার কথা জানান। হেস্টিংসের দৃঢ় পদক্ষেপে ধীরে ধীরে সন্ন্যাসী ও ফকিরের উৎপাত বন্ধ হল ঠিকই কিন্তু বৈকুণ্ঠপুরের পশ্চিম সীমান্তে গোর্খাদের মেচী অতিক্রম করে তরাই অধিগ্রহণ অপর এক নতুন দুর্ভাবনা বহন করে আনল, যা আমরা আগেই উল্লেখ করেছি। যদিও সন্ন্যাসীদল সম্পর্কে ওয়ারেন হেস্টিংসের স্পর্শকাতরতার বিষয়টি জানতে পেরে পৃথ্বীনারায়ণ তরাই অঞ্চল দখল করার বাসনা হেস্টিংসকে আগেই জানিয়েছিলেন। যুক্তিও দিয়েছিলেন এই বলে যে সিকিমের তরাই অঞ্চল নেপালের শাসনে থাকলে সন্ন্যাসীরা কোম্পানির তল্লাটে গিয়ে অত্যাচার করবে না। সন্ন্যাসীদের দমন করার অজুহাতে নেপালের সিকিম-তরাই অঞ্চল অধিকারের বিষয়টি যে হেস্টিংসের অপছন্দ তা তিনি পৃথ্বীনারায়ণকে জানিয়েও দিয়েছিলেন। কিন্তু এই সময় কোম্পানি ভুটান-কোচবিহার দ্বন্দ্বে জড়িয়ে পড়ার ফলস্বরূপ [৫১] নেপালের গতিবিধির ওপর নজর রাখতে পারেনি যার সুযোগে নেপাল এই অঞ্চলটি দখল করে নেয়, যা আগেই উল্লেখ করা হয়েছে। গোর্খা এবং সন্ন্যাসী ও ফকিরদের রংপুর ও দিনাজপুরের সংলগ্ন অঞ্চলে ক্রমাগত আক্রমণ এবং লুটতরাজ কোম্পানির মাথাব্যথার কারণ হয়ে দাঁড়ায়। অবশেষে ওয়ারেন হেস্টিংস ১৭৮৪ খ্রিস্টাব্দে ফক্স ক্রস্টের নেতৃত্বে নেপালে একটি সৌহার্দপূর্ণ অভিযান পাঠানোর সিদ্ধান্ত নেন। কিন্তু কয়েকমাস পরেই গভর্নর জেনারেল ওয়ারেন হেস্টিংস ভারত ত্যাগ করেন এবং এই অভিযান সম্পর্কে আর কিছু জানা যায় না। যদিও নেপাল সরকার ১৭৮৬ খ্রিস্টাব্দের ১৩ মে রংপুরের কালেক্টরেটকে চিঠি পাঠিয়ে কোম্পানির সাথে বন্ধুত্বের সম্পর্ক স্থাপনের আবেদন জানায়। [৫২] ওয়ারেন হেস্টিংসের পর লর্ড কর্নওয়ালিস গভর্নর জেনারেল হয়ে ভারতে আসেন। ১৭৯১ খিস্টাব্দের গোড়ার দিকে নেপালের দুঃসাহসী গোর্খাবাহিনী হঠাৎ করে তিব্বত আক্রমণ করে ২৭৫ মাইল নিষিদ্ধ এলাকার মধ্যে ঢুকে পড়ে। এই সময় তিব্বতে অবস্থিত চীনের রাজদূত জেনারেল হো সী প্রতিবেশী রাষ্ট্রের সাহায্যে বিরাট সেনাবাহিনী নিয়ে তিব্বতের পাশে এসে দাঁড়ান। এই অবস্থায় তিব্বত কোম্পানির কাছে নিরপেক্ষ থাকার আবেদন জানায়। অপরদিকে নেপালও ১৭৯২ খ্রিস্টাব্দের মার্চ মাসে স্বাক্ষরিত ইঙ্গ-নেপাল বাণিজ্যিক চুক্তির সুবাদে কোম্পানির কাছে সাহায্যের প্রার্থনা করে। কিন্তু এই পরিস্থিতিতে লর্ড কর্নওয়ালিসের অনুসৃত ''নিরপেক্ষ নীতি'' তিব্বত বা নেপাল কাউকেই খুশি করতে পারেনি। যে তিব্বতের সাথে বাণিজ্যিক স্বার্থে কোম্পানি ওয়ারেন হেস্টিংসের সময় থেকে মধুর সম্পর্ক তৈরি করেছিল সেই তিব্বতের সঙ্গে তার বন্ধুত্বের মনোভাব আর রইল না এবং এর সঙ্গে মুছে গেল নেপালের মধ্য দিয়ে তিব্বতীয় হিমালয়ে ইংরেজদের ব্যবসার সম্ভাবনাটুকুও। কোম্পানি বুঝতে পারল যে ভারতে ইংরেজ-স্বার্থ রক্ষা করতে হলে উত্তরের প্রাকৃতিক সীমারেখা সম্পর্কে সুস্পষ্ট নীতি গ্রহণ করতে হবে। হিমালয়ের বাণিজ্যিক গুরুত্ব এই সময় কোম্পানির রাজনৈতিক গুরুত্বের কাছে ফিকে হয়ে গেল [৫৩] এবং এর ফলস্বরূপই দেখা গেল যে উনবিংশ শতকের প্রথম কুড়ি বছরের মধ্যে ইংরেজের



হিমালয় সম্পর্কিত নীতির রূপরেখা স্থির হয়ে গেছে।

পার্বত্য হিমালয়ের এই রাজনৈতিক অস্থিরতা কোম্পানির তরাই অঞ্চলের নিজের কর্তৃত্ব প্রতিষ্ঠার বাসনাকে আরো উদগ্র করে তোলে। যদিও অষ্টাদশ শতকের দ্বিতীয় ভাগ থেকেই কোম্পানি তার রাজনৈতিক, কূটনৈতিক ও অর্থনৈতিক প্রয়োজনে তরাই অঞ্চলের গুরুত্বকে উপলব্ধি করতে শুরু করেছিল, কিন্তু ততদিনে গোর্খারা এই অঞ্চলে তাদের নিয়ন্ত্রণ কায়েম করে ভারতের উত্তর-পূর্ব সীমান্তে নিজেদের প্রভাব বিস্তারে সচেষ্ট হয়েছিল, এমনকি মাঝে মাঝেই ১৭৬৫ খিস্টাব্দে মুঘল সম্রাটের কাছে থেকে প্রাপ্ত কোম্পানির রাজস্ব আদায়ের এলাকাতেও হানা দিত। মূলত এই কারণেই ১৭৯৫ খ্রিস্টাব্দে লর্ড কর্নওয়ালিস নেপালের সাথে তরাই এবং পূর্ণিয়ার এতদিনের সীমান্ত নির্ধারণের সমস্যা মিটিয়ে ফেলতে উদ্যোগী হন। এই সময় গোর্খারাও কোম্পানির সাথে নতুন করে বিরোধ চাইছিলেন না। [৫৪] কিন্তু এতদ্‌সত্ত্বেও নেপাল তার সম্প্রসারণের মনোভাব ত্যাগ করতে পারেনি এবং তার ফলেই ইংরেজদের সঙ্গে তার সম্পর্ক ধাপে ধাপে তিক্ত হয়ে ওঠে। তিব্বতে চীনের ভয়ে নেপাল এগুতে চাইল না, তাই সে ভারতের দিকে সীমানা বিস্তারে প্রয়াসী হল। অন্যদিকে উনবিংশ শতকের প্রথম থেকেই কোম্পানি উত্তর হিমালয়ের পাদদেশে সিকিম, নেপাল ও ভুটান সংলগ্ন অঞ্চলে তার নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায় সচেষ্ট হয়। সর্বোপরি হিমালয় উপত্যকায় কোম্পানির তখন এমন একটি ঘাঁটির প্রয়োজন ছিল তার কিছুই ভুটান পূর্ণ হতে দেয় নি। অন্যদিকে লর্ড ময়রা পশ্চিম দিকে শতদ্রু এবং পূর্বদিকে সিকিমের পার্বত্য অঞ্চলে নেপালের প্রভাব বিস্তারে যথেষ্ট উদ্‌বিগ্ন ছিলেন। [৫৫] তিনটি হিমালয় রাজ্যের মধ্যে সবচেয়ে দুর্বল সিকিম। দুটি বড়ো রাজ্যের মাঝখানে তার স্থান হবার দরুণ সিকিম আর দুজনকে নিজের অংশের থেকে রাজ্যভাগ দিয়ে তবে নিষ্কৃতি পেয়েছিল। সুতরাং ইংরেজরা এই দুর্বল রাজ্যটির সঙ্গে সম্পর্ক তৈরি করবে বলে মনস্থির করল। [৫৬] তাছাড়া সরাসরি সিকিম আক্রমণ করলে তিব্বত ও চীনের সঙ্গে প্রত্যক্ষ বিরোধ শুরু হওয়ার সম্ভাবনা ছিল। তাই কূটকৌশলে তারা সিকিমে নিজেদের প্রভাব বিস্তারে সচেষ্ট হয়। সিকিমের সাথে কূটনৈতিক সম্পর্ক গড়ে তোলার পেছনে কোম্পানির তিনটি মূল উদ্দেশ্য ছিল; এক, সিকিমের মধ্য দিয়ে তিব্বত হয়ে চীনের সাথে বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করা; দুই, নেপাল ও ভুটানের কোম্পানির বিরুদ্ধে দ্বৈত চক্রান্তের মোকাবিলা করা; এবং তিন, কোম্পানির কর্তৃত্বাধীন অঞ্চলে নেপালী সৈন্যের মোকাবিলা করা। এই কারণে কোম্পানি বেঙ্গল আর্মির ব্যারী ল্যাটারকে সিকিমরাজ চুগ-ফুদ-নাম-গিয়ালের সঙ্গে যোগাযোগ স্থাপনের কথা বলেন। [৫৭] ১৮১৪ খ্রিস্টাব্দে গোর্খারা সিকিমের দক্ষিণ-পশ্চিম সীমানায় নাগরিজোঙ আক্রমণ করে সিকিমের পার্বত্য অঞ্চলের দিকে অগ্রসর হয়। সিকিমের তরুণ রাজা চুগ-ফুদ এবার সরাসরি ব্রিটিশ সরকারের কাছে সাহায্যের আবেদন করেন। ব্রিটিশ সরকার এই সুযোগেরই অপেক্ষায় ছিলেন। তাই অবিলম্বে মেজর চার্লির অধীনে এক সৈন্যবাহিনী গোর্খাদের দমন করবার জন্য সিকিম পাঠানো হল। ইংরেজদের সঙ্গে লড়াই করবার ক্ষমতা গোর্খাদের ছিল না, সুতরাং তারা সন্ধি স্বাক্ষরে

বাধ্য হয়।[৫৮] এই ভাবে ১৮১৫ খ্রিস্টাব্দের ডিসেম্বর মাসের ২ তারিখে কোম্পানি ও নেপালের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়, যা সেগৌলির চুক্তি নামে পরিচিত। চুক্তির তৃতীয় ধারা অনুসারে নেপাল তিস্তা ও মেচী নদীর মধ্যবর্তী সমস্ত অধিকৃত অঞ্চল ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে সমর্পণ করে। সন্ধির ষষ্ঠ ধারা অনুসারে নেপাল ভবিষ্যতে সিকিম রাজাকে বিরক্ত না করার অঙ্গীকার করে এবং পরবর্তীকালে নেপাল ও সিকিমের মধ্যে যদি কোনো বিরোধ উপস্থিতি হয় তবে তা বাধ্যতামূলকভাবে ব্রিটিশ সরকারের কাছে সালিশীর জন্য পাঠাবে বলে সম্মতি জানায়।[৫৯] যুদ্ধ-পরবর্তী রাজনৈতিক স্থিতাবস্থার পরিপ্রেক্ষিতে কোম্পানির সঙ্গে সিকিমের সম্পর্ক নিগূঢ় হয়ে ওঠে। সিকিমরাজার মনোভাব তাদের পক্ষে ইতিবাচক মনে করে এবং সিকিমের কুক্ষিগত করার এটি উপযুক্ত সময় বলে বিবেচনা করে ব্রিটিশ গভর্ণর জেনারেল সিকিমের রাজার সঙ্গে একটি মৈত্রীচুক্তি করার প্রস্তাব নিয়ে মেজর ব্যারে ল্যাটারকে সিকিমে পাঠান। প্রস্তাবের গূঢ় উদ্দেশ্য বোঝা সিকিম রাজার পক্ষে সম্ভব হয়নি। ১৮১৭ খ্রিস্টাব্দের ১০ ফেব্রুয়ারি তাই তিতালিয়া চুক্তির মাধ্যমে কোম্পানি ও সিকিম রাজার মধ্যে বন্ধুত্বের সেতু বন্ধন হয়। সিকিম রাজার পক্ষে চুক্তি সম্পাদনে প্রতিনিধিত্ব করেন পেমা-ইয়াংসি গোম্ফার লামা তিন-চেন-লঙ-চু, চে-ই-তেনজিং এবং মা-চেন-টোম্পা নামে রাজার এক বিশ্বস্ত মন্ত্রী। কোম্পানির পক্ষে চুক্তি স্বাক্ষর করেন মেজর ব্যারে ল্যাটার। মৈত্রীর প্রতীক উপহার হিসাবে সেগৌলি চুক্তিতে তিস্তা ও মেচী নদীর মধ্যবর্তী পার্বত্য এলাকা যা গোর্খারা ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে সমর্পণ করেছিল তা কোম্পানি সিকিম রাজাকে হস্তান্তর করে। অন্যদিকে রাজাও এই মর্মে প্রতিজ্ঞাবদ্ধ হন যে তিনি নেপাল বা অন্য কোনো পার্শ্ববর্তী রাজ্য আক্রমণ করবেন না, ইউরোপ বা আমেরিকার কোনো অধিবাসীকে ইংরেজের অনুমতি ভিন্ন সিকিমে বসবাস করার অধিকার দেবেন না, কোম্পানির কাছে অপরাধী বা ডাকাত বলে পরিচিত যে ভারতীয়রা তাঁর রাজ্যে আশ্রয় গ্রহণ করেছে তাদের কোম্পানির হাতে সমর্পণ করবেন[৬০] ইত্যাদি। ইংরেজের সহৃদয়তায় মুগ্ধ হয়ে তিনি এও কথা দেন যে যদি হিমালয়ে ইংরেজের কোনো সাহায্যের প্রয়োজন হয় তবে সিকিম তাকে সর্বতোভাবে সাহায্য করবে।[৬১] কিন্তু এই চুক্তির ফলে গোর্খাদের দখল করা আংশিক অংশ সিকিম ফেরত পেয়েছিল। তাই সিকিমের রাজা তথা উচ্চপদস্থ ব্যক্তিরা কেউই এই চুক্তিতে সম্পূর্ণ সন্তোষ লাভ করতে পারেনি। এর পরে অবশ্য সিকিমের প্রতি অবিচারের কথা বিবেচনা করে[৬২] ব্যারে ল্যাটারের অনুরোধে চুক্তি স্বাক্ষরের দুমাস পরে লর্ড ময়রা মেচী ও মহানন্দা নদীর মধ্যবর্তী তরাই অঞ্চল সিকিমকে প্রত্যার্পণ করেন।[৬৩] তিতালিয়া চুক্তির রাজনৈতিক গুরুত্বকে অস্বীকার করা যায় না কারণ সিকিমের সঙ্গে বন্ধুত্ব স্থাপনের মাধ্যমে কোম্পানি গোর্খা বাহিনীর পূর্বদিকের আগ্রাসনকে রোধ করতে পেরেছিল; সিকিম পরোক্ষভাবে কোম্পানির নিয়ন্ত্রণাধীন অঞ্চলে পরিণত হয়েছিল। সর্বোপরি তিব্বতের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপনের জন্য কোম্পানি প্রথমবার কোনো বন্ধু-রাজ্যের মধ্যে দিয়ে একটি সুনির্দিষ্ট পথ পেল, যা নেপাল বা ভুটানের মধ্যে দিয়ে তিব্বতের সঙ্গে বাণিজ্য করার চাইতে অনেক বেশি



সুবিধাজনক ছিল।[৬৪]

ব্রিটিশ সরকারের কাছে থেকে সহায়তার আশ্বাস পেলেও রাজা চুগ-ফুদ গোর্খাদের সম্বন্ধে নিশ্চিন্ত হতে পারলেন না এবং অন্যদিকে কোম্পানির তিব্বতের সঙ্গে বাণিজ্যের পথটিও নিষ্কন্টক হল না। ফলস্বরূপ ইংরেজরা হিমালয়ের পাদদেশে এমন একটি ঘাঁটির সন্ধান করতে লাগলেন যেখান থেকে খুব সহজেই তিব্বতের সঙ্গে বাণিজ্যিক যোগাযোগ স্থাপন করা যায়। ইতিমধ্যে মেচী নদীর পূর্বদিকে অবস্থিত অন্টু (Ontoo) অঞ্চল নিয়ে নেপাল ও সিকিমের মধ্যে বিরোধ বাধে। ১৮১৭ খ্রিস্টাব্দে স্বাক্ষরিত তিতালিয়া চুক্তির শর্তানুসারে সিকিম সরকার কোম্পানিকে মধ্যস্থতার আহ্বান জানায়।[৬৫] ভারতের গভর্ণর জেনারেল তখন লর্ড বেন্টিঙ্ক। বেন্টিঙ্ক ১৮২৮ খ্রিস্টাব্দে জেনারেল লয়েড ও মালদহ জেলার বাণিজ্য প্রতিনিধি মি. গ্রান্টকে এই সমস্যাটি পর্যালোচনার জন্য সিকিমে পাঠান। জেনারেল লয়েড ও গ্রান্ট এই অঞ্চল ভ্রমণ করার সময় সিকিমের অন্তর্গত ছোট্ট একটি পাহাড়ী গ্রাম যার নাম ছিল দোর্জে-লিং[৬৬]-এ এসে পৌঁছান। জায়গাটির ভৌগোলিক অবস্থান ও প্রাকৃতিক সৌন্দর্য্য তাঁদের মুগ্ধ করে এবং জায়গাটি সম্বন্ধে তাঁরা গভর্ণর জেনারেল তথা ব্রিটিশ সরকারের এই বলে দৃষ্টি আকর্ষণ করেন যে, গ্রামটি পাওয়া গেলে শুধুমাত্র ইস্ট ইন্ডিয়া কোম্পানির কর্মচারী বা ইংরেজ অধিবাসীদের গ্রীষ্মাবাসের পক্ষেই যে উপযুক্ত হবে তা নয়, এখানে একটি সামরিক ঘাঁটি স্থাপন করলে ব্রিটিশ সরকারের পক্ষে পার্বত্য রাজ্যগুলির প্রতি নজর রাখাও সুবিধেজনক হবে। লয়েডের এই পরিকল্পনা যে ব্রিটিশ কর্তৃপক্ষের কাছে অত্যন্ত লোভনীয় ছিল সে বিষয়ে কোনো সন্দেহ নেই। লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক এবার ডেপুটি সার্ভেয়ার জেনারেল হার্বাটকে পুনরায় অনুসন্ধান করবার নির্দেশ দেন এবং এবারও হার্বাট জানান যে গ্রামটি অধিগ্রহণ কোম্পানির স্বার্থের অনুকূল হবে।[৬৭] ১৮৩০ খ্রিস্টাব্দে বেন্টিঙ্ক কোম্পানির কর্তৃপক্ষের সামনে গ্রামটির হস্তান্তরের ব্যাপারে সিকিম রাজার সঙ্গে আলোচনা করবেন বলে প্রস্তাব রাখেন। কিন্তু ঐসময় চার্লস মেটক্যাফ এই বলে প্রস্তাবটি নাকচ করে দেন যে, এর ফলে সিকিম সরকারের মনে কোম্পানির অভিসন্ধির প্রতি একটি বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হবে এবং উল্টোদিকে নেপালও তার সীমান্তে কোম্পানির কোনো অঞ্চল প্রদানের বিনিময়ে দোর্জে-লিং অধিগ্রহণের জন্য সিকিম রাজার সাথে আলোচনার দাবি জানান।[৬৮] কর্তৃপক্ষের অনুমতি নিয়ে গভর্ণর জেনারেল যথাসম্ভব ক্ষতিপূরণ দেবার বিনিময়ে গ্রামটির হস্তান্তরের ব্যাপারে সিকিম রাজাকে অনুরোধ জানান। কিন্তু সিকিম সরকারের পক্ষে এই অনুরোধ গ্রহণ করা সম্ভব ছিল না। তাই ব্রিটিশ সরকারের পক্ষ থেকে আবার জেনারেল লয়েডকে সিকিমে পাঠানো হয়। জেনারেল লয়েড রাজা চুগ-ফুদকে বোঝালেন যে একমাত্র স্বাস্থ্য-নিবাস তৈরি করার উদ্দেশ্যেই তাঁর সরকার এই জায়গাটির প্রতি বিশেষ আগ্রহী। অবশেষে ১৮৩৫ খ্রিস্টাব্দের পয়লা ফেব্রুয়ারি এক দানপত্র অনুসারে দোর্জে-লিং গ্রামটি ব্রিটিশ সরকারকে রাজা সমর্পণ করেন। কিন্তু উভয় জাতির ভাষার সমস্যা অথবা বক্তব্যের অস্পষ্টতার জন্য এবিষয়ে কিছু ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়। দানপত্রে লেখা হয় যে নিঃশর্ত উপহার হিসাবে জায়গাটি

ব্রিটিশ সরকারকে দেওয়া হয়েছে অথচ এর জন্য রাজা চুগ-ফুদ দুটি শর্ত আরোপ করেছিলেন বলে শোনা যায়; এক, গোর্খা অধিকৃত দেবগাঁও সিকিমকে ফেরত দিতে হবে এবং দুই, তরাইয়ের নেপালি প্রজা রামু প্রধানকে তার সমস্ত বাকি খাজনা মিটিয়ে দিয়ে উৎখাত করতে হবে। কিন্তু শর্ত দুটি সম্পর্কে দানপত্রে কোনোই উল্লেখ ছিল না। কোনো কোনো ঐতিহাসিকের মতে, জেনারেল লয়েড এবিষয়ে যে চাতুরী করেছিলেন রাজা চুগ-ফুদ তা ঠিক অনুধাবন করতে পারেন নি। রাজার ভুল ভাঙল যখন গভর্ণর জেনারেল তাঁকে এই দানের জন্য ধন্যবাদ জানিয়ে একটি চিঠি দিলেন। সঙ্গে সঙ্গেই রাজা চুগ-ফুদ প্রতিবাদ জানিয়ে গভর্ণর জেনারেলকে চিঠি দিলেন এবং দীর্ঘ বিবাদের পর [৬৯] ব্রিটিশ সরকার ১৮৪১ খ্রিস্টাব্দে সিকিম রাজাকে বাৎসরিক তিন হাজার টাকা অনুদান বা খাজনা হিসাবে দিতে স্বীকৃত হয় এবং ১৮৪৬ খ্রিস্টাব্দে এই অর্থের পরিমাণ বৃদ্ধি করে বার্ষিক ছয় হাজার টাকা করা হয়। [৭০] এখানে একটি বিষয় উল্লেখ করা প্রয়োজন যে দানপত্রটি স্বাক্ষরের সময় কোম্পানি সিকিমরাজ চুগ-ফুদকে একটি দু'নলা বন্দুক, একটি গাদা বন্দুক, কুড়ি গজ চওড়া লাল কাপড়ের গাঁট এবং দু'জোড়া শাল উপহার দিয়েছিলেন। [৭১] কিন্তু অল্প কিছুকালের মধ্যেই কোম্পানি দার্জিলিং যাবার প্রতিবন্ধকতা উপলব্ধি করল, কারণ সুবা বাংলার সবচেয়ে উত্তরের রংপুর জেলা থেকে দার্জিলিং পৌঁছুতে হলে সিকিমের সদিচ্ছার ওপর নির্ভর করা ছাড়া কোম্পানির আর কোনো উপায় ছিল না। এই পরিস্থিতি কোম্পানিকে দার্জিলিং-এর যোগাযোগ ব্যবস্থার উন্নতি বিধানে প্রেরণা দেয়। দার্জিলিং-এ পৌঁছানোর জন্য রাস্তা তৈরি ও অন্যান্য উন্নয়নমূলক কার্যকলাপ সিকিমের মনে সন্দেহের উদ্রেক করে এবং উল্টোদিকে ভুটান এবং নেপাল তাদের সীমান্তে কোম্পানি সৈন্যের আনাগোনা সন্দেহের চোখে দেখতে শুরু করে। [৭২] কিন্তু এই অবস্থায় নিরুপায় কোম্পানি এমন একটা পটভূমিকার অপেক্ষা করছিল যার অজুহাতে সে মেচী-মহানন্দার মধ্যবর্তী সিকিম তরাই অঞ্চলটি দখল করতে পারে যা তারা একবার নেপালের কাছ থেকে উদ্ধার করে সিকিমকে প্রত্যর্পণ করেছিল।

দার্জিলিং-এর উন্নতি সিকিমের আতঙ্কের কারণ হয়ে উঠতে লাগল। বিশেষত সিকিমের বিপুল সংখ্যক দরিদ্র অধিবাসী দার্জিলিং-এ গিয়ে ব্রিটিশ সরকারের নাগরিকত্ব গ্রহণ করতে আরম্ভ করায় সিকিমে কৃষক ও শ্রমিকের সংখ্যা কমে যেতে লাগল। যদিও সিকিম মাঝে মাঝে এই সব শ্রমিক ও কৃষকদের দার্জিলিং থেকে নিয়ে এসে নিজরাজ্যে ক্রীতদাস হিসাবে বিক্রি করে দিত। এই সময় রাজা চুগ-ফুদের মন্ত্রী পরিষদের সবচেয়ে প্রভাবশালী ব্যক্তি তো-কাঙ-দোনিয়ার, যিনি পাগলা দেওয়ান বা দেওয়ান নামগিয়াল নামেই সমধিক পরিচিত ছিলেন, তিনি দার্জিলিং-এ ব্রিটিশ নাগরিকত্ব গ্রহণকারী সমস্ত কৃষক ও শ্রমিককে অবিলম্বে সিকিমে ফেরত পাঠানোর জন্য ব্রিটিশ সরকারের কাছে দাবি জানান। [৭৩] উল্টোদিকে সিকিমও তার রাজ্যে বসবাসকারী কোম্পানির অপরাধকারীদের হস্তান্তরে বিভিন্ন সময় বাধা দিল এবং তিব্বতে ব্যবসার অধিকার নিয়ে ইংরেজ সরকার ও সিকিম রাজার মধ্যে নানা ধরনের বিবাদের সৃষ্টি হল। ব্রিটিশ সরকার দেওয়ান নামগিয়ালকে এই অপকর্মের



নায়ক বলে চিহ্নিত করে [৭৪] এবং ১৮৪৬ খ্রিস্টাব্দে ক্যাম্বেল রাজার এই বিমাতৃসুলভ আচরণের জন্য ভবিষ্যতে সমতলের তরাই অঞ্চল দখলের সতর্কবাণী দেন। [৭৫] এই সময় সিকিমের এক হঠকারী সিদ্ধান্ত কোম্পানিকে সুযোগ করে দিল। দার্জিলিং-এর প্রথম অধ্যক্ষ ডাঃ ক্যাম্বেল এবং জীব-বিজ্ঞানী ডাঃ হুকার যথাযথ অনুমতিপত্র নিয়ে সিকিমে বেড়াবার সময় ১৮৪৯ খ্রিস্টাব্দের ডিসেম্বর মাসের ৭ তারিখে গ্রেফতার হন এবং সিকিম সরকার তাদের বন্দি করে। ডাঃ ক্যাম্বেল উল্লেখ করেছেন যে তাঁর ওপর এই আশায় শারীরিক অত্যাচার করা হয় যে ভবিষ্যতে ব্রিটিশরা সিকিমের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করা থেকে যেন বিরত থাকে। [৭৬] তৎকালীন গভর্নর জেনারেল লর্ড ডালহৌসি সিকিম রাজাকে বন্দিদের মুক্তি দেওয়ার জন্য অনুরোধ জানান কিন্তু নামগিয়াল চুগ-ফুদ এই বলে ডালহৌসির প্রস্তাব প্রত্যাখ্যান করেন যে হুকার এবং ক্যাম্বেলের কাছে যে অনুমতি পত্রটি পাওয়া গেছে তাতে গভর্নর জেনারেলের সঠিক সিল-মোহর ছিল না। এর পরেই ডালহৌসি সিকিম রাজাকে কোম্পানির শক্তির পরিচয় দেবেন বলে ঠিক করেন। [৭৭] লর্ড ডালহৌসি সি.এইচ. লুসিংটনকে দার্জিলিং-এর অন্তর্বতীকালীন অধ্যক্ষ পদে বহাল করে খুব শীঘ্র ডাঃ ক্যাম্বেল ও ডাঃ হুকারকে মুক্ত করার নির্দেশ দেন। লুসিংটন বিশাল সৈন্যবাহিনী নিয়ে রংগীত নদীর তীরে উপস্থিত হন এবং বন্দিদের মুক্তির দাবি জানিয়ে সিকিমরাজকে একটি চিঠি লেখেন। কিন্তু চিঠিটি সিকিমরাজার কাছে পৌঁছানোর আগেই ১৮৪৯ খ্রিস্টাব্দের ৯ ডিসেম্বর রাজা বন্দিদের মুক্ত করেন। [৭৮] তবে সিকিমের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে দার্জিলিং-এর জন্য পূর্বোক্ত ছয় হাজার টাকার বাৎসরিক অনুদান বন্ধ করে দেওয়া হয় এবং ডাঃ ক্যাম্বেল-এর চেষ্টায় সিকিমের অন্তর্গত প্রায় ৬৪০ বর্গমাইল আয়তনের বিশাল তরাই অঞ্চল ব্রিটিশ সরকার গ্রাস করে নেয়। যার সীমানা ছিল উত্তরে রঙ্গন ও রংগীত নদী, পূর্বে তিস্তা নদী, পশ্চিমে নেপাল এবং দক্ষিণে পূর্ণিয়া জেলা। ১৮৫০ খ্রিস্টাব্দে এই বিস্তৃত তরাই অঞ্চলকে দার্জিলিং জেলার সঙ্গে যুক্ত করা হয়। [৭৯] এইভাবে ঊনবিংশ শতাব্দীর ঠিক মধ্যভাগে সুবা বাংলার উত্তর সীমানা হিমালয়ে প্রবেশ করে। ১৮৬৭ খ্রিস্টাব্দে ইংরেজ সরকার কালিম্পং মহকুমার অবলুপ্তি ঘটিয়ে দার্জিলিং-এর সঙ্গে যুক্ত করে দার্জিলিং জেলাকে দুটি মহকুমায় ভাগ করেছিল। তিস্তা নদীর পূর্ব-পশ্চিমের পার্বত্য অঞ্চলের ৯৬০ বর্গমাইল এলাকা নিয়ে গঠিত দার্জিলিং সদর মহকুমা এবং সমতলের ২৭৪ বর্গমাইল এলাকা নিয়ে গঠিত দার্জিলিং সদর মহকুমা এবং সমতলের ২৭৪ বর্গমাইল এলাকা নিয়ে গঠিত তরাই মহকুমা। এই নতুন তরাই মহকুমার সদর দপ্তর স্থাপিত হয়েছিল ফাঁসিদেওয়ার অদূরে হাঁসখোয়ায় (১৮৬৪-১৮৮০)। ১৮৮৪ খ্রিস্টাব্দে তরাই মহকুমার সদর দপ্তর শিলিগুড়িতে স্থানান্তরিত হয়েছিল, অর্থাৎ দীর্ঘ কুড়ি বছর হাঁসখোয়া ছিল তরাই মহকুমার সদর দপ্তর। অতঃপর ১৯০৭ খ্রিস্টাব্দে সমগ্র তরাই অঞ্চল নিয়ে শিলিগুড়ি মহকুমার সৃষ্টি করা হয়েছিল। [৮০]

উপরোক্ত আলোচনা থেকে একথা স্পষ্ট যে ১৭৭০ খ্রিস্টাব্দের আগে তরাই অঞ্চল সম্পর্কে কোম্পানির কোনো বিশেষ নীতি না থাকলেও বিভিন্ন পর্যায়ে নানা স্বার্থের

